

মনজিলুর রহমান এর ছড়া ডালিম গাছের তলে



এই তো তোমার শেষ ঠিকানা
ডালিম গাছের তলে,
তেত্রিশটি বছর ঘুমিয়ে রয়েছ
আমাদের মায়ী ভোলে।

সকাল সন্ধ্যে বুলবুলি গায়
বসিয়া সে শাঁখে,
প্রজাপতি দল রঙ ঢেলে দেয়
রঙ মাখিয়ে পাখে।

বেদের মেয়ে, ধানক্ষেত
সোজন বাদিয়ার ঘাট,
আরো আছে অমর কাব্য
নকশী কাঁথার মাঠ।

পল্লী কবির সেরা কবি
তুমি জসিম ভাই,
তোমার সাথে অন্য কারো
তুলনা যে নাই।

আটলান্টা, জর্জিয়া
মার্চ ১০, ২০০৯।

১৪ মার্চ ২০০৯, পল্লীকবি জসিম উদ্দিনের ৩৩ তম মৃত্যু বাষিকী। তারই স্মরণে লেখা এ ছড়াটি।